

## কারিগরি বোর্ডে পাস ৮২.৭২

### যাযাদি রিপোর্ট

কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় এ বছর পাসের হার গত বছরের তুলনায় বেড়েছে। এ বোর্ডের অধীন কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় পাসের হার ৮২ দশমিক ৭২ শতাংশ। গত বছর পাসের হার ছিল ৭০ দশমিক ৯০ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ৭২ জন। এদের মধ্যে ছেলে ৫৯ জন এবং মেয়ে ১৩ জন। এ বছর কারিগরি শিক্ষাবোর্ডের ৭৭ হাজার ৯৭৯ পরীক্ষার্থীর মধ্যে ৬৪ হাজার ৫০১ জন পাস করেছে। এরমধ্যে ৪৫ হাজার ৭১১ জন ছাত্র এবং ১৮ হাজার ৭৯০ জন ছাত্রী। কারিগরি শিক্ষা বোর্ডে শীর্ষ শিক্ষা প্রতিষ্ঠানের স্থান দখল করেছে দিনাজপুর বিশ্বের সিংগলা হামিদ হামিদা উচ্চ বিদ্যালয়। কারিগরিতে সেরা ১০ : কারিগরি বোর্ডের অধীনে শীর্ষস্থান দখল করেছে হামিদ হামিদা উচ্চ বিদ্যালয় (দিনাজপুর), টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট (নোয়াখালী), জার্ড : পৃষ্ঠা ৪ কক্ষম ১

### বোর্ডে : কারিগরি

(প্রথম পৃষ্ঠার পর)

(গাবনা), শীরাউল্লাহ সেকেন্ডারি স্কুল (যশোর), বাউফল আদর্শ পার্স উচ্চ বিদ্যালয় (পটুয়াখালী), শ্যামলী আইডিয়াল টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ (ঢাকা), সোসাইটি অফ সোশ্যাল রিফর্ম উচ্চ বিদ্যালয় (সাজার), হোসেনপুর এস.পি. ইউনিয়ন উচ্চ বিদ্যালয়, টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট (নারায়ণগঞ্জ), স্তুতি ডি. এম. পাইলট উচ্চ বিদ্যালয় (টাঙ্গাইল), আরজনা মহসীন উচ্চ বিদ্যালয় (টাঙ্গাইল), টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট (টাঙ্গাইল), উচ্চাখালি এমএল পাইলট উচ্চ বিদ্যালয় (ময়মনসিংহ), ধানিখোলা টেকনিক্যাল অ্যান্ড কমার্স কলেজ (ময়মনসিংহ), ভালুকা পাইলট উচ্চ বিদ্যালয় (ময়মনসিংহ), কোনাপাড় উচ্চ বিদ্যালয় (ময়মনসিংহ), হোমনা আদর্শ উচ্চ বিদ্যালয় (কুমিল্লা), চর ভৈরবি উচ্চ বিদ্যালয় (ঠানপুর), শাহচর মালিটরেট উচ্চ বিদ্যালয় (ঠানপুর), টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট (নোয়াখালী), রান পার্স উচ্চ বিদ্যালয় (কক্সবাজার)।